

মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র
ইসলামিক ফাউন্ডেশন

(প্রতিষ্ঠাতা: জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
মুকসুদপুর, গোপালগঞ্জ

সূত্র নং-১৬.০১.৩৫০০.০২২.০১.০৩৩.২২-৩১

তারিখ ১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৩ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ


নিয়োগ বিজ্ঞপ্তি

গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সম্মানি (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	পেশ ইমাম	০১ জন	১৫,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদীস পাস কোন প্রতিষ্ঠানের খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসাবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক হাফেজ-ই-কোরআন সনদ প্রাপ্ত ও ইলমে কিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে। (গ) আরবীতে কথা ও আরবীতে উপস্থিত খুৎবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নিজ নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা(জ) শিক্ষাগত যোগ্যতা এবং (ঝ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক সাদা কাগজে আবেদন করতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে:
(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।
(গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ।
(ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ বরাবর করতে হবে এবং উক্ত আবেদনপত্র আগামী ১৯/১০/২০২৩ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ অথবা ইসলামিক ফাউন্ডেশন গোপালগঞ্জ জেলা কার্যালয়ে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিজনিত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। খামের উপর পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে।
- বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।
- ইতোপূর্বে যারা প্রার্থী হিসেবে আবেদন করেছিলেন তারাও পুনরায় আবেদন করতে পারবেন।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে বিষয়টি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্য বলে বিবেচিত হবে।
- নিয়োজিত প্রার্থীকে শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র (সিভিল সার্জন কর্তৃক) দাখিল করতে হবে।
- আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষনসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(এস.এম.ইমাম রাজী টুলু)

উপজেলা নির্বাহী অফিসার
মুকসুদপুর, গোপালগঞ্জ

ও

সভাপতি, উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি
মুকসুদপুর, গোপালগঞ্জ।